রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, মে ১২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ মে ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৪.৮০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'সার বিষয়ক জাতীয় সমন্বয় ও পরামর্শক কমিটি'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **কমিটির গঠন :**

| ক্রমঃ | নাম ও পদবি | | দায়িত্ব |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আব্দুস শহীদ<br>মন্ত্রী, কৃষি মন্ত্রণালয় | : | আহ্বায়ক |
| (২) | জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন<br>মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সভাপতি<br>কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি | : | সদস্য |
| (৪) | জনাব মোঃ জাকারিয়া<br>সংসদ সদস্য, দিনাজপুর-১ | : | সদস্য |
| (৫) | জনাব মোঃ আবুল কালাম আজাদ<br>সংসদ সদস্য, রাজশাহী-৪ | : | সদস্য |
| (৬) | জনাব এস. এম. শাহজাদা<br>সংসদ সদস্য, পটুয়াখালী-৩ | : | সদস্য |
| (৭) | জনাব মোঃ ইকবাল হোসেন<br>সংসদ সদস্য, শরীয়তপুর-১ | : | সদস্য |



মূল্য : টাকা ৪.০০

| | | | |
|---|---|---|---|
| (৮) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| (১০) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (১১) | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | : | সদস্য |
| (১৪) | চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) | : | সদস্য |
| (১৬) | নির্বাহী পরিচালক (বৈদেশিক মুদ্রানীতি), বাংলাদেশ ব্যাংক | : | সদস্য |
| (১৭) | চেয়ারম্যান, বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশন (বিএফএ) | : | সদস্য |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **কমিটির কার্যপরিধি:**

(১) দেশে সকল প্রকার সারের চাহিদা, উৎপাদন, আমদানি ও মূল্য পরিস্থিতি পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন;

(২) সঠিক সময়ে কৃষকদের নিকট সার সরবরাহের নিশ্চয়তা বিধানকল্পে সার বিতরণ ব্যবস্থা পর্যবেক্ষণ, পর্যালোচনা, পরিবীক্ষণ এবং এ বিষয়ে সুপারিশ/পরামর্শ প্রদান;

(৩) সারের ডিলার নিয়োগের বিদ্যমান পদ্ধতি পর্যালোচনা এবং এর যথার্থতা যাচাই করে সুপারিশ প্রদান; এবং

(৪) ইউরিয়া ও নন-ইউরিয়া সার সরবরাহ ও বিতরণ সম্পর্কিত প্রাসঙ্গিক অন্য যে কোনো বিষয় পর্যালোচনা এবং এ সম্পর্কে সুপারিশ প্রণয়ন।

(গ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঘ) কমিটির বৈঠক প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

(ঙ) কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৫ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের ০৪.০০.০০০০.৬১১. ০৬.০০১.১৯. ৫৩ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd